হে আল্লাহ! আপনি আমার উম্মতের ভোরের মধ্যে বরকত দান করুন।

সাখর বিন ওয়াদাআ আল-গামিদী রাদিয়াল্লাহু আনহুর সূত্রে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে আল্লাহ! আপনি আমার উম্মতের ভোরের মধ্যে বরকত দান করুন।’’ তিনি কোনো ক্ষুদ্র বা বিশাল বাহিনীকে কোথাও প্রেরণ করলে দিনের প্রথমভাগেই পাঠাতেন। সাখর রাদিয়াল্লাহু আনহু একজন ব্যবসায়ী ছিলেন। তিনি তার পণ্যদ্রব্য দিনের প্রথমভাগে পাঠাতেন। ফলে তিনি সম্পদশালী হন এবং তার সম্পদ বৃদ্ধি পায়।
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। -
এটি আহমাদ বর্ণনা করেছেন। - এটি দারিমী বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর উম্মতের জন্য দুআ করেছেন যেন আল্লাহ তাআলা তাদের সকাল ও দিনের প্রথমভাগে বরকত দান করেন। যাতে তাদের কাজ সম্পন্ন করার সময় প্রশস্ত হয় এবং কাজে বরকত ও সমৃদ্ধি আসে। চাই তা উপার্জনের ক্ষেত্রে হোক বা ইলম অর্জনের ক্ষেত্রে হোক কিংবা শত্রুর বিরুদ্ধে কাউকে সাহায্যের ক্ষেত্রে হোক অথবা অন্য যে কোনো আমলের ক্ষেত্রেই হোক না কেন। তাই তিনি দিনের প্রথমভাগে যুদ্ধের জন্য সেনাবাহিনী পাঠাতেন। এর আরও উদাহরণ হলো, সাখর বিন ওয়াদাআ রাদিয়াল্লাহু আনহু যিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুআর বরকতে অনেক সম্পদের মালিক হয়েছিলেন।

http://sunnah.global/hadeeth/bn/show/5941